রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**অপারেশন-১ শাখা**

## "জ্বালানি তেলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ নির্দেশিকা"
(Automatic Fuel Pricing Guidelines)

বাংলাদেশ পেট্রোলিয়াম এ্যাক্ট, ১৯৭৪ ও পেট্রোলিয়াম আইন, ২০১৬ এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৬ অনুযায়ী বাংলাদেশে পেট্রোলিয়ামজাত পণ্যের আমদানি, রপ্তানি, মজুদ, প্রক্রিয়াকরণ, বিপণন ও বিতরণ ইত্যাদি কার্যাদি সরকারের পক্ষে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর উপর ন্যস্ত। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) দেশের চাহিদা বিবেচনায় জ্বালানি তেল ও জ্বালানি পণ্য আমদানি ও ভোক্তা পর্যায়ে বিক্রয় করে থাকে। বিপিসি বিভিন্ন দেশ ও স্থানীয় উৎস হতে পরিশোধিত ও অপরিশোধিত জ্বালানি তেল (ক্রুড অয়েল) আমদানি/ ক্রয়ের মাধ্যমে এবং ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড (ইআরএল) কর্তৃক প্রক্রিয়াকরণের মাধ্যমে বিভিন্ন প্রকার জ্বালানি পণ্য (ডিজেল, অকটেন, পেট্রোল, কেরোসিন, ফার্নেস অয়েল, জেট ফুয়েল, মেরিন ফুয়েল ইত্যাদি) উৎপাদন/ সংগ্রহ/ বিপণন করে থাকে।

সরকার দেশের প্রধান ও বহুল ব্যবহার্য জ্বালানি পণ্য (ডিজেল, অকটেন, পেট্রোল, কেরোসিন) এর মূল্য সময়ে সময়ে নির্ধারণ করে থাকে এবং বিপিসি অন্যান্য জ্বালানি পণ্য (ফার্নেস অয়েল, জেট ফুয়েল, মেরিন ফুয়েল ইত্যাদি) এর মূল্য নিয়মিত ভিত্তিতে বিশ্ববাজারের মূল্যের সাথে সমন্বয় করে নির্ধারণ করে থাকে। বিপিসির সরবরাহকৃত জ্বালানি তেলের সিংহভাগ আমদানি নির্ভর হওয়ার ফলে স্থানীয় পর্যায়ে ভোক্তা পর্যায়ে মূল্য নির্ধারণে আন্তর্জাতিক বাজার মূল্যের প্রত্যক্ষ প্রভাব রয়েছে। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্য প্রতিনিয়ত হ্রাস/বৃদ্ধি ঘটে। বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য, পরিবহণ, ইন্স্যুরেন্স, মার্কিন ডলারের বিনিময় হার ইত্যাদির প্রেক্ষাপটে সাম্প্রতিক সময়ে একাধিক বার জ্বালানি তেলের মূল্য সমন্বয় করা হয়েছে। এরূপ তাৎক্ষণিক মূল্য বৃদ্ধি অনেক সময় দীর্ঘ


মূল্য : টাকা ১৬.০০

সময়ের ব্যবধানে হয় বিধায় এক্ষেত্রে বৃদ্ধির পরিমাণ ও মাত্রা অধিক হওয়ায় ভোক্তা পর্যায়ে ও সামগ্রিকভাবে অর্থনীতির উপর কিছুটা বিরূপ চাপ তৈরি করে থাকে। কাজেই, একটি স্বয়ংক্রিয় ও পিরিয়ডিক মূল্য নির্ধারণ পদ্ধতি চালু করা হলে তা দীর্ঘ সময়ের ব্যবধানে করা মূল্য সমন্বয়ের ক্ষতিকর প্রভাব হতে উত্তরণে সহায়ক হবে এবং বাজার মূল্যে জ্বালানির মূল্য নির্ধারণ নিশ্চিত করবে।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ অনুযায়ী সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ভর্তুকি সমন্বয়ের লক্ষ্যে, জনস্বার্থে, কৃষি, শিল্প, সার, ব্যবসা-বাণিজ্য ও গৃহস্থালি কাজের চাহিদা অনুযায়ী এনার্জির নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করিবার লক্ষ্যে উহাদের উৎপাদন বৃদ্ধি, সঞ্চালন, পরিবহণ ও বিপণনের নিমিত্ত দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের সুবিধার্থে বিদ্যুৎ উৎপাদন, এনার্জি সঞ্চালন, মজুদকরণ, বিপণন, সরবরাহ, বিতরণ এবং ভোক্তা পর্যায়ে ট্যারিফ নির্ধারণ, পুনর্নির্ধারণ বা সমন্বয় করতে পারে। বিদ্যমান জ্বালানি পরিস্থিতি, বৈশ্বিক উত্তম চর্চা এবং দেশের সামষ্টিক অর্থনীতিতে ভারসাম্য ও শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে স্বয়ংক্রিয় পদ্ধতিতে আন্তর্জাতিক বাজারের সাথে সমন্বয় রেখে প্রাথমিকভাবে প্রতিমাসে জ্বালানি তেলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ পদ্ধতি প্রবর্তন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

২। **শিরোনাম ও প্রবর্তন:** এ নির্দেশিকা "জ্বালানি তেলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ নির্দেশিকা" নামে অভিহিত হবে এবং তা দেশে প্রান্তিক পর্যায়ে সর্বাধিক ব্যবহৃত পেট্রোলিয়াম পণ্য তথা সরকার যে সকল গ্রেডের জ্বালানি তেলের বিক্রয় মূল্য নির্ধারণ করে থাকে যেমন: ডিজেল, কেরোসিন, অকটেন ও পেট্রোল এর জন্য প্রযোজ্য হবে। তবে সরকার/ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) প্রয়োজন মনে করলে অন্যান্য পেট্রোলিয়াম পণ্যের ক্ষেত্রেও শর্ত সাপেক্ষে উক্ত নির্দেশনা প্রয়োগ করা যাবে। স্বয়ংক্রিয় পদ্ধতিতে আন্তর্জাতিক বাজারের সাথে সমন্বয় রেখে প্রাথমিকভাবে প্রতিমাসে জ্বালানি তেলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ পদ্ধতি মার্চ ২০২৪ থেকে কার্যকর হবে।

৩। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে, এ নির্দেশিকায়:

**(ক) স্বয়ংক্রিয় মূল্য কাঠামো (Automatic Pricing Structure):** স্বয়ংক্রিয় মূল্য কাঠামো বলতে পূর্ববর্তী মাসের বা একটি নির্দিষ্ট সময়ের আন্তর্জাতিক বাজার মূল্যের চলমান গড় (Moving Average) এর ভিত্তিতে জ্বালানি তেলের আমদানি ব্যয়, সংশ্লিষ্ট সময়ের মার্কিন ডলারের গড় বিনিময় হার, শুল্ক-করাদি, বিপিসির মার্জিন ও আনুষঙ্গিক ব্যয় যুক্ত করে জ্বালানি তেলের মূল্য সমন্বয়ের নিমিত্ত প্রণীত মূল্য কাঠামোকে বুঝাবে।

**(খ) আন্তর্জাতিক বাজার মূল্য (International Price):** আন্তর্জাতিক বাজার মূল্য বলতে পরিশোধিত জ্বালানি তেলের ক্ষেত্রে Platts S&P Global এ প্রকাশিত Mean of Platts Arab Gulf (MOPAG) অনুযায়ী বিপিসির আমদানিকৃত বিভিন্ন গ্রেডের জ্বালানি তেলের মূল্যকে বুঝাবে। অপরিশোধিত জ্বালানি তেল (ক্রুড অয়েল) এর ক্ষেত্রে ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড (ইআরএল) এর ব্যবহৃত ক্রুড অয়েলের মূল্যকে বুঝাবে।

**(গ) চলমান গড় মূল্য (Moving Average Price):** চলমান গড় মূল্য বলতে আমদানিকৃত পরিশোধিত জ্বালানি তেলের আন্তর্জাতিক বাজার মূল্যের প্রতিদিনের প্লাটস (Platts Publications) এ প্রকাশিত মূল্যের চলমান গড়কে বুঝাবে। তবে যে সকল পণ্য ইস্টার্ণ রিফাইনারীতে উৎপাদিত হয়, সে সকল ক্ষেত্রে আনুপাতিক হারে ইআরএল-এ উৎপাদিত ও আমদানিকৃত পরিশোধিত জ্বালানি তেলের গড় মূল্যের ভিত্তিতে নিরূপিত মূল্যকে বুঝাবে।

(ঘ) **প্রিমিয়াম (Premium):** পরিশোধিত জ্বালানি তেল আমদানির মূল্য ব্যতীত ব্যয় যেমন: জাহাজ ভাড়া, ইন্স্যুরেন্স, সংশ্লিষ্ট সরবরাহকারীর মার্জিন ইত্যাদির সমন্বিত ব্যয়কে প্রিমিয়াম বুঝাবে।

(ঙ) **অপারেশনাল ব্যয় (Operational Expenses):** আমদানিকৃত জ্বালানি তেল জাহাজযোগে লোড পোর্ট থেকে চট্টগ্রাম বন্দরে আগমন, খালাস, মজুদ ও সরবরাহের লক্ষ্যে সৃষ্ট ব্যয় অর্থাৎ হ্যান্ডলিং কমিশন, রিভার ডিউস, সার্ভে ফি, এলসি কমিশন, ওশান লস/ ট্রানজিট লস, ক্রুড অয়েল এর ক্ষেত্রে প্রসেসিং খরচ ইত্যাদি ব্যয়ের সমষ্টিকে অপারেশনাল ব্যয় বুঝাবে।

(চ) **আর্থিক, প্রশাসনিক ও রক্ষণাবেক্ষণ ব্যয় (Financing, Administrative and Maintanance Expences):** জ্বালানি তেল আমদানিতে ব্যয়িত অর্থের ইন্টারেস্ট/ Opportunity Cost, প্রশাসনিক ব্যয় ও অবকাঠামোগত উন্নয়ন/ রক্ষণাবেক্ষণ ব্যয়ের সমষ্টিকে বুঝাবে।

(ছ) **ব্যবসায়ী পর্যায়ে মূল্য সংযোজন কর (Trade VAT):** জ্বালানি তেল এর খুচরা বিক্রয় মূল্যের উপর ব্যবসায়ী পর্যায়ে পরিশোধিত মূসক-কে বুঝাবে।

(জ) **ফ্রেইটপুল (Freight Pool):** ফ্রেইটপুল বলতে চট্টগ্রাম প্রধান স্থাপনা হতে সারাদেশে ডিপোসমূহে জ্বালানি তেল পরিবহণের জন্য ব্যবহৃত পরিবহণ ভাড়ার পুল-কে বুঝাবে। ফ্রেইটপুল খাত হতে সারাদেশে জ্বালানি তেল পরিবহণের ব্যয় নির্বাহ করা হবে।

(ঝ) **ডিলার/এজেন্টস কমিশন ও পরিবহণ (Dealers Commission & Transportation):** জ্বালানি তেল বিপণনের ক্ষেত্রে পেট্রোল পাম্প ডিলার/ এজেন্টকে (প্যাক্ড পয়েন্ট ডিলারসহ) খুচরা পর্যায়ে জ্বালানি তেল বিক্রয়ের জন্য লিটার প্রতি যে কমিশন প্রদান করা হয় তাকে ডিলার/ এজেন্টস কমিশন বুঝাবে। সরকার কর্তৃক প্রকাশিত গেজেট অনুযায়ী ডিলার/ এজেন্টস কমিশন এর মধ্যে অবচয় ও অন্যান্য সকল খরচ অন্তর্ভুক্ত থাকবে। পাশাপাশি সরকারি গেজেট প্রজ্ঞাপন অনুযায়ী ডিলার/ এজেন্টস ট্যাংকলরীর ভাড়া হিসেবে ডিপোর ৪০ কিলোমিটারের মধ্যে পরিবহণ খরচ প্রাইসিং ফর্মুলায় অন্তর্ভুক্ত থাকবে।

(ঞ) **উন্নয়ন তহবিল (Development Fund):** জ্বালানি নিরাপত্তার স্বার্থে জ্বালানি তেলের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে বাস্তবায়িত প্রকল্পের ব্যয়িত অর্থ রিকভারি এবং বাস্তবায়িতব্য প্রকল্পের আর্থিক সংস্থানের জন্য সংগৃহীত তহবিলকে বুঝাবে।

(ট) **কোম্পানি মার্জিন (Company Margin):** সারাদেশে সরকার নির্ধারিত মূল্যে জ্বালানি তেল বিক্রয়ের জন্য তেল বিপণন কোম্পানিসমূহকে লিটার প্রতি প্রদত্ত মার্জিন বুঝাবে।

৪। **ডিজেল ও কেরোসিনের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ পদ্ধতি:**

৪.১। ডিজেল ও কেরোসিন এর স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ পদ্ধতিতে আমদানিকৃত পরিশোধিত ডিজেলের কস্ট কম্পোনেন্টসমূহের পাশাপাশি ইস্টার্ণ রিফাইনারীতে ক্রুড অয়েল থেকে উৎপাদিত ডিজেলের কস্ট কম্পোনেন্টসমূহ অন্তর্ভুক্ত হবে। এ দুই ধরনের জ্বালানি তেলের কস্ট কম্পোনেন্টসমূহ বিবেচনা করে নিম্নরূপভাবে ডিজেল ও কেরোসিনের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ করা হবে:

**ডিজেলের স্বয়ংক্রিয় বিক্রয় মূল্য** (H)= পণ্য মূল্য (A) + আমদানি শুল্ক, অগ্রিম আয়কর ও আমদানি পর্যায়ে ভ্যাট (B) + অপারেশনাল ব্যয় (C) + আর্থিক, প্রশাসনিক ও রক্ষণাবেক্ষণ ব্যয় (D) + বিপিসির মার্জিন (E) + ভ্যাট (F4) + বিক্রয় ও বিতরণ খরচ (G)।

যেখানে,

**পণ্য মূল্য (A)**:

a) বিপিসির আমদানিকৃত ডিজেল এর চলমান গড় মূল্য ও তার সাথে সম্পর্কিত প্রিমিয়াম এবং

b) ক্রুড অয়েলের Free on Board (FOB) মূল্য ও তার সাথে সম্পর্কিত জাহাজ ভাড়া, লাইটারেজ চার্জ ও ইন্সুরেন্স খরচ।

**আমদানি শুল্ক, অগ্রিম আয়কর ও আমদানি পর্যায়ে ভ্যাট (B)**: বিপিসির আমদানিকৃত ডিজেল ও ক্রুড অয়েলের জন্য আমদানি পর্যায়ে পরিশোধিত আমদানি শুল্ক এবং অগ্রিম আয়কর (Advance Income Tax) অন্তর্ভুক্ত থাকবে। উল্লেখ্য, আমদানি পর্যায়ে পরিশোধিত ভ্যাট ও আগাম কর (Advance Tax) বিক্রয় পর্যায়ে পরিশোধযোগ্য ভ্যাট ও ব্যবসায়ী পর্যায়ে ভ্যাট এর সাথে সমন্বয়যোগ্য। তাই এক্ষেত্রে আমদানি পর্যায়ে পরিশোধিত ভ্যাট ও এটি পৃথকভাবে আমদানি পর্যায়ে অন্তর্ভুক্ত না করে বিক্রয় পর্যায়ে মোট ভ্যাট (F4) ও ব্যবসায়ী পর্যায়ে মূসক (G এর মধ্যে অন্তর্ভুক্ত) হিসেবে অন্তর্ভুক্ত থাকবে। তবে আমদানি পর্যায়ে পরিশোধিত মোট ভ্যাট ও এটি (AT) বিক্রয় পর্যায়ে মোট ভ্যাট (F4) ও ব্যবসায়ী পর্যায়ে মূসকের তুলনায় বেশি হলে অতিরিক্ত পরিশোধিত ভ্যাট ডিফারেন্সিয়াল ভ্যাট হিসেবে অন্তর্ভুক্ত হবে। এছাড়া, সরকার কর্তৃক সময়ে সময়ে পরিবর্তিত শুল্ক-করাদির হার এবং নতুন কোন করাদি আরোপ করা হলে তা প্রাইসিং ফর্মুলায় অন্তর্ভুক্ত হবে।

**অপারেশনাল ব্যয় (C)**: বিপিসির আমদানিকৃত ডিজেল ও ক্রুড অয়েলের অপারেশনাল ব্যয়সমূহ যথা: হ্যান্ডলিং কমিশন, নদীশুল্ক, সার্ভে ফি, ওশান লস, ট্রানজিট লস, এল/সি কমিশন এবং ক্রুড অয়েল পরিশোধন ব্যয় ও ক্রুড অয়েল প্রসেস লস।

C1= ক্রুড অয়েল থেকে উৎপাদিত জ্বালানি পণ্যের লিটার প্রতি গড় ব্যয় অর্থাৎ A+B+C

C2= ক্রুড অয়েল থেকে উৎপাদিত ডিজেলের লিটার প্রতি ব্যয় অর্থাৎ C1× ব্যালেন্সিং ফ্যাক্টর;

এক্ষেত্রে বিভিন্ন গ্রেডের পেট্রোলিয়াম পণ্যের বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে ইস্টার্ণ রিফাইনারীতে ক্রুড অয়েল থেকে উৎপাদিত পেট্রোলিয়াম পণ্যের যৌক্তিক মূল্য নিরূপণের মানদন্ড হিসেবে ব্যালেন্সিং ফ্যাক্টর/ Weight বিবেচিত হবে।

**আর্থিক, প্রশাসনিক ও রক্ষণাবেক্ষণ ব্যয় (D)**: জ্বালানি তেল আমদানি, গ্রহণ, সরবরাহ, বিপণন ইত্যাদি প্রক্রিয়া সম্পন্ন করে কোম্পানিসমূহ থেকে বিক্রয়লব্ধ অর্থ বিপিসির নিকট পৌঁছাতে ব্যয়িত সময়, বিভিন্ন ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান থেকে গৃহীত ঋণের সুদ, জ্বালানি নীতি ১৯৯৬ অনুযায়ী ৬০ দিনের জ্বালানি তেল মজুদ রাখা ইত্যাদির জন্য ব্যয়িত ব্যাংক ঋণের ৩ মাসের সুদ/ চার্জ বিবেচিত হবে। বিপিসির সারাবছরের প্রশাসনিক ও রক্ষণাবেক্ষণ ব্যয়কে মোট বিক্রয়ের পরিমাণ দিয়ে ভাগ করে লিটার প্রতি ব্যয় নিরূপণ করা হবে।

**বিপিসির মার্জিন (E):** বিপিসি কর্তৃক জ্বালানি তেল আমদানি, গ্রহণ, মজুদ, সরবরাহ, বিপণন, অবকাঠামোগত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি সামগ্রিক কাজ সম্পাদনের জন্য লিটার প্রতি আরোপিত মার্জিন যা জ্বালানি নিরাপত্তার স্বার্থে বিপিসির বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের পাশাপাশি ভবিষ্যতে নতুন প্রকল্প গ্রহণ, জ্বালানি মজুদ সক্ষমতা বৃদ্ধি এবং আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির ক্ষেত্রে জনদুর্ভোগ কমাতে বিপিসির মার্জিন হতে সমন্বয় করে দেশের অভ্যন্তরে জ্বালানি তেলের মূল্য স্বাভাবিক রাখতে সহায়ক হবে।

**ভ্যাট** (F4): করপূর্ব মূল্যের উপর ১৫% ভ্যাট (A+B+C+D+E)*১৫% অর্থাৎ F3*১৫%

**বিক্রয় ও বিতরণ খরচ (G):** বিক্রয় ও বিতরণ ব্যয়, যার মধ্যে বিপণন কোম্পানির মার্জিন, উন্নয়ন তহবিল, ফ্রেইটপুল, ডিলার/ এজেন্টস কমিশন, ট্যাংকলরীর পরিবহণ ভাড়া এবং ব্যবসায়ী পর্যায়ে মূসক ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে। সরকার কর্তৃক প্রকাশিত গেজেট অনুযায়ী ডিলার/ এজেন্টস কমিশন ও ট্যাংকলরী পরিবহণ ভাড়া নিরূপিত হবে।

৪.২। ভেজাল রোধ করার জন্য কেরোসিনের মূল্য ডিজেলের সমান রাখতে হবে। কেরোসিনের ক্ষেত্রে মূল্য কাঠামোতে প্রযোজ্য হারে কেরোসিনের ডিলার/ এজেন্টস কমিশন প্রযোজ্য হবে। ডিজেল ও কেরোসিনের স্বয়ংক্রিয় মূল্য কাঠামোর নমুনা ছক **'পরিশিষ্ট-ক'** তে দ্রষ্টব্য।

৫। **অকটেন ও পেট্রোলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ পদ্ধতি:**

৫.১। অকটেন ও পেট্রোলের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ পদ্ধতিতে আমদানিকৃত পরিশোধিত অকটেনের কস্ট কম্পোনেন্টসমূহ বিবেচনা করে নিম্নরূপভাবে অকটেনের স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ করা হবে:

**অকটেনের স্বয়ংক্রিয় বিক্রয় মূল্য (H)=** পণ্য মূল্য (A) + আমদানি শুল্ক, অগ্রিম আয়কর ও আমদানি পর্যায়ে ভ্যাট (B) + অপারেশনাল ব্যয় (C) + আর্থিক, প্রশাসনিক ও রক্ষণাবেক্ষণ ব্যয় (D) + বিপিসির মার্জিন (E) + ALPHA ($\alpha$)+ ভ্যাট (F) +বিক্রয় ও বিতরণ খরচ (G)।

যেখানে,

**পণ্য মূল্য (A):** জ্বালানি পণ্যের আমদানি ব্যয়; অর্থাৎ বিপিসির আমদানিকৃত অকটেন এর FOB মূল্য এবং তার সাথে সম্পর্কিত প্রিমিয়াম।

**আমদানি শুল্ক, অগ্রিম আয়কর ও আমদানি পর্যায়ে ভ্যাট (B):** বিপিসির আমদানিকৃত অকটেন এর জন্য আমদানি পর্যায়ে পরিশোধিত কাস্টমস ডিউটি এবং এআইটি/ অগ্রিম আয়কর (Advance Income Tax) অন্তর্ভুক্ত থাকবে। উল্লেখ্য, আমদানি পর্যায়ে পরিশোধিত ভ্যাট ও এটি (Advance Tax) বিক্রয় পর্যায়ে পরিশোধযোগ্য ভ্যাট (মূসক) ও ব্যবসায়ি পর্যায়ে মূসক এর সাথে সমন্বয়যোগ্য। তাই এক্ষেত্রে আমদানি পর্যায়ে পরিশোধিত ভ্যাট ও এটি (AT) পৃথকভাবে আমদানি পর্যায়ে অন্তর্ভুক্ত না করে বিক্রয় পর্যায়ে মোট ভ্যাট (F) ও ব্যবসায়ী পর্যায়ে মূসক (G এর মধ্যে অন্তর্ভুক্ত) হিসেবে অন্তর্ভুক্ত থাকবে। তবে আমদানি পর্যায়ে পরিশোধিত মোট ভ্যাট ও এটি বিক্রয় পর্যায়ে মোট ভ্যাট (F) ও ব্যবসায়ী পর্যায়ে মূসকের তুলনায় বেশি হলে অতিরিক্ত পরিশোধিত ভ্যাট ডিফারেন্সিয়াল ভ্যাট হিসেবে অন্তর্ভুক্ত হবে। এছাড়া, সরকার কর্তৃক সময়ে সময়ে পরিবর্তিত শুল্ক-করাদির হার এবং নতুন কোন করাদি আরোপ করা হলে তা প্রাইসিং ফর্মুলায় অন্তর্ভুক্ত হবে।

**অপারেশনাল ব্যয় (C)**: বিপিসির আমদানিকৃত অকটেন এর অপারেশনাল ব্যয়সমূহ যথা: হ্যান্ডলিং কমিশন, নদীশুল্ক, সার্ভে ফি, ওশান লস, ট্রানজিট লস, এল/সি কমিশন ইত্যাদি।

**আর্থিক, প্রশাসনিক ও রক্ষণাবেক্ষণ ব্যয় (D)**: জ্বালানি তেল আমদানি, গ্রহণ, সরবরাহ, বিপণন ইত্যাদি প্রক্রিয়া সম্পন্ন করে কোম্পানিসমূহ থেকে বিক্রয়লব্ধ অর্থ বিপিসির নিকট পৌঁছাতে ব্যয়িত সময়, বিভিন্ন ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান থেকে গৃহীত ঋণের সুদ, জ্বালানি নীতি ১৯৯৬ অনুযায়ী ৬০ দিনের জ্বালানি তেল মজুদ রাখা ইত্যাদির জন্য ব্যয়িত ব্যাংক ঋণের ৩ মাসের সুদ/ চার্জ বিবেচিত হবে। বিপিসির সারাবছরের প্রশাসনিক ও রক্ষণাবেক্ষণ ব্যয়কে মোট বিক্রয়ের পরিমাণ দিয়ে ভাগ করে লিটার প্রতি ব্যয় নিরূপণ করা হবে।

**বিপিসির মার্জিন (E)**: বিপিসি কর্তৃক জ্বালানি তেল আমদানি, গ্রহণ, মজুদ, সরবরাহ, বিপণন, অবকাঠামোগত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি সামগ্রিক কাজ সম্পাদনের জন্য লিটার প্রতি আরোপিত মার্জিন যা জ্বালানি নিরাপত্তার স্বার্থে বিপিসির বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের পাশাপাশি ভবিষ্যতে নতুন প্রকল্প গ্রহণ, জ্বালানি মজুদ সক্ষমতা বৃদ্ধি এবং আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির ক্ষেত্রে জনদুর্ভোগ কমাতে বিপিসির মার্জিন হতে সমন্বয় করে দেশের অভ্যন্তরে জ্বালানি তেলের মূল্য স্বাভাবিক রাখতে সহায়ক হবে।

**ALPHA (α):** বাস্তবতার নিরিখে দেশে ব্যবহৃত অকটেন ও পেট্রোল ব্যক্তিগত যানবাহনে অধিক পরিমাণে ব্যবহৃত হয় বিধায় এর মূল্য বিলাস দ্রব্য (লাক্সারি আইটেম) হিসেবে সব সময় ডিজেলের চেয়ে বেশি রাখা হয়। বর্তমানে ডিজেল ও অকটেন এর খুচরা বিক্রয় মূল্য পার্থক্য লিটার প্রতি ২১/- টাকা। ফর্মুলা অনুযায়ী অকটেন এর মূল্য নির্ধারণকালে ডিজেল এর সাথে পার্থক্য লিটার প্রতি ন্যূনতম ১০/- টাকা যেন থাকে সে জন্য প্রাইসিং ফর্মুলায় '**α**' ফ্যাক্টর বিবেচিত হবে। অর্থাৎ অকটেন এর ক্ষেত্রে '**α**' = লিটার প্রতি ১০/- টাকা যুক্ত হবে। তবে ডিজেল থেকে অকটেন এর প্লাটস মূল্য অস্বাভাবিক হ্রাস/ বৃদ্ধি পেলে সেক্ষেত্রে বাস্তবতার নিরিখে পরিমাণ সমন্বয় করা যাবে।

**ভ্যাট (F)**: করপূর্ব মূল্যের উপর ১৫% ভ্যাট (A+B+C+D+E+ α)*১৫% অর্থাৎ F1*১৫%

**বিক্রয় ও বিতরণ খরচ (G):** বিক্রয় ও বিতরণ ব্যয়, যার মধ্যে বিপণন কোম্পানির মার্জিন, উন্নয়ন তহবিল, ফ্রেইটপুল, ডিলার/ এজেন্টস কমিশন, ট্যাংকলরীর পরিবহণ ভাড়া এবং ব্যবসায়ী পর্যায়ে মূসক ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে। সরকার কর্তৃক প্রকাশিত গেজেট অনুযায়ী ডিলারদের কমিশন ও ট্যাংকলরী পরিবহণ ভাড়া নিরূপিত হবে।

৫.২। পেট্রোল ও অকটেন একই ক্যাটাগরি হওয়ায় এবং পেট্রোলের RON (Research Octane Number) অকটেন থেকে কিছুটা কম থাকায় পেট্রোলের মূল্য অকটেন থেকে লিটার প্রতি ৪.০০ টাকা কমে নির্ধারণ হবে। পেট্রোলের ক্ষেত্রে মূল্য কাঠামোতে প্রযোজ্য হারে পেট্রোলের ডিলার/ এজেন্টস কমিশন ও ব্যবসায়ী পর্যায়ে মূসক প্রযোজ্য হবে। অকটেনের স্বয়ংক্রিয় মূল্য কাঠামোর নমুনা ছক **'পরিশিষ্ট-খ'** তে দ্রষ্টব্য।

৬। **সাধারণ নিয়মাবলী/ শর্তাবলি:**

৬.১। জ্বালানি তেলের মূল্য নির্ধারণের ক্ষেত্রে পূর্ববর্তী মাসের বা একটি নির্দিষ্ট সময়ের গড় মূল্য (Moving Average Price) বিবেচনায় নিতে হবে। যেমন: এপ্রিল মাসের ১ তারিখ থেকে জ্বালানি তেলের মূল্য কার্যকর করার ক্ষেত্রে ফেব্রুয়ারি মাসের ২১ তারিখ থেকে মার্চ মাসের ২০ তারিখ পর্যন্ত অর্থাৎ পূর্ববর্তী ১ মাসের সুবিধাজনক সময় বিবেচনায় নিতে হবে। ক্রুড অয়েল এর ক্ষেত্রে উল্লিখিত সময়ের পার্সেল এর মূল্য বা উক্ত সময়ের একাধিক পার্সেল এর গড় মূল্য বিবেচিত হবে; তবে উক্ত সময়ের মধ্যে ক্রুড অয়েলের কোন পার্সেল না আসলে তৎপূর্ববর্তী সময়ের পার্সেল বিবেচনা করা যাবে।

৬.২। ফর্মুলায় পরিশোধিত জ্বালানি তেলের ক্ষেত্রে প্রিমিয়াম হিসেবে প্রতি ছয় মাসের জন্য প্রকাশিত Government to Government (G-to-G) ও Tender এর প্রিমিয়ামের গড় বিবেচনায় নিতে হবে। অপরিশোধিত জ্বালানি তেল (ক্রুড অয়েল) এর জন্য বিপিসি কর্তৃক আমদানিকৃত ক্রুড অয়েলের জাহাজ ভাড়া, লাইটারেজ এবং ইন্স্যুরেন্স ইত্যাদি ব্যয় বিবেচনায় নিতে হবে।

৬.৩। স্বয়ংক্রিয় মূল্য কাঠামো প্রতি ১ (এক) মাস অথবা সরকার/ বিপিসি কর্তৃক নির্ধারিত যে কোন নির্দিষ্ট সময়ের জন্য প্রযোজ্য হবে।

৬.৪। স্বয়ংক্রিয় মূল্য কাঠামো সারাদেশের জন্য প্রযোজ্য হবে এবং সারাদেশে (ডিপোর ৪০ কিলোমিটারের মধ্যে) একই মূল্যে জ্বালানি তেল বিক্রয় করতে হবে। ৪০ কিলোমিটারের বাইরে প্রতি কিলোমিটারের জন্য প্রযোজ্য পরিবহণ ভাড়া সরকার কর্তৃক নির্ধারিত ফর্মুলা অনুযায়ী প্রতি লিটার জ্বালানি তেলের মূল্যের সাথে যুক্ত হবে।

৬.৫। সরকার/ সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা/ কর্তৃপক্ষ ইত্যাদি কর্তৃক সময় সময় নির্ধারিত শুল্ক-করের হার/ পরিমাণ, ফি, চার্জ, কমিশন ইত্যাদি ফর্মুলায় প্রযোজ্য হবে।

৬.৬। হিসাব ও মূল্য পরিশোধের সুবিধার্থে প্রাইসিং ফর্মুলা অনুসারে প্রাপ্ত ভগ্নাংশকে রাউন্ডিং করা যাবে।

৬.৭। সীমান্তবর্তী পার্শ্ববর্তী দেশের সাথে জ্বালানি তেলের মূল্য সামঞ্জস্যপূর্ণ রাখার স্বার্থে সরকার এ ফর্মুলায় বিদ্যমান খাতসমূহ সমন্বয় (কম-বেশি) করতে পারবে।

৬.৮। বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্যের অস্বাভাবিক হ্রাস/ বৃদ্ধিজনিত কারণে জনদুর্ভোগ কমাতে ভোক্তা পর্যায়ে জ্বালানি তেলের মূল্য সহনীয়/ গ্রহণযোগ্য মাত্রায় নির্ধারণে সরকার বিপণন কোম্পানি/ বিপিসির মার্জিন সমন্বয় করতে পারবে।

৭। সরকার যে কোন সময় এ নির্দেশিকা পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজন/ বিয়োজন করতে পারবে।

**মোঃ নূরুল আলম**
সচিব।

পরিশিষ্ট-ক

**Cost Components of Petroleum Product (HSD & SKO)**

| SL | Particulars | Cost Components | Nature of Cost | X<br>HSD Costing Import | Y<br>HSD Costing ERL |
|---|---|---|---|---|---|
| | Conversions | Exchange Rate | 1 US$ to BDT | Variable | Variable |
| | | Tariff/ Assessable Value | USD Per Litre | 0.40 | 0.25 |
| | | Conversion Factor | MT to Litre | 1186 | 1186 |
| | | Conversion Factor | BBL to Litre | 159 | 159 |
| A | Product Cost | 1. Platts Rate /Crude oil FOB Rate | USD Per BBL | Variable | Variable |
| | | 2. Premium/ Freight, Service charges, Lighterage, Insurance | USD Per BBL | Variable | Variable |
| | | 3. C. I. F Cost (1+2) | USD Per BBL | | |
| | | A: C.I.F. Cost | TK Per Litre | | |
| B | Duty, AIT & Differential VAT | Duty Tk per litre | 10% on Tariff Value (5% for Crude oil) | Variable | Variable |
| | | AIT Tk per litre | 2% on Tariff value | Variable | Variable |
| | | Differential VAT (If applicable) | Import stage VAT -selling VAT | Variable | Variable |
| | | B: Total Duty & Taxes Per Litre in Tk | | | |

| SL | Particulars | Cost Components | Nature of Cost | X<br>HSD Costing Import | Y<br>HSD Costing ERL |
|---|---|---|---|---|---|
| C | Operational Expenses | Handling Commission+Jetty Throughput Charge | Tk 100.00 per MT (Tk 1.00 per BBL for Crude) | 0.084 | 0.006 |
| | | River Dues Tk per litre | Tk 34.10 per MT + 15% VAT | 0.033 | 0.033 |
| | | Survey Fee Tk per litre | 450 USD per vessel for Independent surveyor + Tk 1.25 per MT for Local surveyor (Tk 0.75 per MT for crude oil) | 0.010 | 0.010 |
| | | Ocean loss Tk per litre | 0.30% on CIF price (0.50% on FOB for crude oil) | Variable | Variable |
| | | L/C Commission (with VAT) Tk per litre | 0.20% on CIF price + 15% VAT (On FOB price for crude oil) | Variable | Variable |
| | | Allowable transit loss Tk per litre | HSD 0.17% | | |
| | | Crude Oil Processing Cost | Avg. cost of ERL processing | | 1.530 |
| | | Crude Oil Process loss 2.8% | 2.8% on previous all cost except depot loss | | Variable |
| | | C: Total Operational Expense Per Litre in Tk (For ERL including process cost) | | | |

| SL | Particulars | Cost Components | Nature of Cost | X<br>**HSD Costing Import** | Y<br>**HSD Costing ERL** |
|---|---|---|---|---|---|
| C1 | | Average Cost (A+B+C) incurred for crude oil | | | |
| C2 | | Cost Considering Balancing Factor for HSD | C1*1.14 | | |
| | | | | | |
| D | Financing, Administrative & Maintenance Expenses | Financing charges Tk per litre | 9% 3 months on CIF for refined and FOB for crude | Variable | Variable |
| | | Administrative, maintenance & development expense | One year exp./ Total sales volume | 1.065 | 1.065 |
| | | D: Total Financing, administrative & maintenance Expenses | | | |
| E | BPC's Margin | 3%-5% on A+B+C+D [For crude oil 3%-5% on (C2+D)] | | Variable | Variable |
| F1 | Total Cost | A+B+C+D+E (For crude oil C2+D+E) | | | |
| | | | | | |
| F2 | Percentage of HSD from Import & ERL | | | 86% | 14% |
| F3 | Ex-Refinery price before VAT= Average HSD cost Tk per Litre (X*86% + Y*14%) | | | | |
| F4 | Add: VAT 15% on F3 | | | | Variable |
| G1 | Ex-Refinery price after VAT (F3+F4) | | | | |
| G | Selling And Distribution Expenses | 4. Company margin, Development Fund & Freightpool | TK Per Litre (Tk 0.80+Tk 0.25+Tk 1.20) | | 2.250 |
| | | 5. Dealer's Commission & Transport | TK Per Litre | | Variable |
| | | 6. Traders VAT @ 2% on (G1+4+5) | TK Per Litre | | Variable |
| | | G: Total Selling and Distribution Expenses (4+5+6) | | | |
| H | Selling Price (Tk per Litre) (G1+G) | | | | |

**পরিশিষ্ট-খ**

**Cost Components of Petroleum Product (HOBC)**

| SL | Particulars | Cost Components | Nature of Cost | HOBC Costing Import |
|---|---|---|---|---|
| | Conversions | Exchange Rate | 1 US$ to BDT | Variable |
| | | Tariff/ Assessable Value | USD Per Litre | 0.40 |
| | | Conversion Factor | MT to Litre | 1368 |
| | | Conversion Factor | BBL to Litre | 159 |
| A | Product Cost | 1. Platts Rate | USD Per BBL | Variable |
| | | 2. Premium | USD Per BBL | Variable |
| | | 3. C. I. F Cost (1+2) | USD Per BBL | |
| | | A: C.I.F. Cost | TK Per Litre | |
| B | Duty, AIT & Differential VAT | Duty Tk per litre | 10% on Tariff Value | Variable |
| | | AIT Tk per litre | 2% on Tariff value | Variable |
| | | Differential VAT (If applicable) | Import stage VAT - selling VAT | |
| | | B: Total Duty & Taxes Per Litre in Tk | | |
| C | Operational Expenses | Handling Commission+ Jetty Throughput Charge | Tk 100.00 per MT | 0.073 |
| | | River Dues Tk per litre | Tk 34.10 per MT + 15% VAT | 0.029 |
| | | Survey Fee Tk per litre | 450 USD per vessel for Independent surveyor + Tk 1.25 per MT for Local surveyor | 0.010 |
| | | Ocean loss Tk per litre | 0.30% on CIF price | Variable |
| | | L/C Commission (with VAT) Tk per litre | 0.20% on CIF price + 15% VAT | Variable |
| | | Allowable transit loss Tk per litre | HOBC 0.28% | Variable |
| | | C: Total Operational Expense Per Litre in Tk | | |

| SL | Particulars | Cost Components | Nature of Cost | HOBC Costing Import |
|---|---|---|---|---|
| D | Financing, Administrative & Maintenance Expenses | Financing charges Tk per litre | 9% for 3 months on CIF Price | Variable |
| | | Administrative, maintenance & development expense | One year exp./ Total sales volume | 1.065 |
| | | D: Total Financing, Administrative & Maintenance Expenses | | |
| E | BPC's Margin | 3%-5% on A+B+C+D | | Variable |

| | | | | |
|---|---|---|---|---|
| α | Buffer | Tk. 10.00/Litre | | 10.000 |
| F1 | Total Cost | Ex-Refinery price before VAT (A+B+C+D+E+α) | | |
| F | Add: VAT 15% on F1 | | | Variable |
| G1 | Ex-Refinery price after VAT (F1+F) | | | |
| G | Selling And Distribution Expenses | 4. Company margin, Development Fund & Freightpool | TK Per Litre (Tk 0.90+Tk 0.25+Tk 1.20) | 2.350 |
| | | 5. Dealer's Commission & Transport | TK Per Litre | Variable |
| | | 6. Traders VAT @ 2% on (G1+4+5) | TK Per Litre | Variable |
| | | G: Total Selling and Distribution Expenses (4+5+6) | TK Per Litre | |
| H | Selling Price (Tk per Litre) (G1+G) | | | |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd